তারিখ ... 16 AUG 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

# কেশবপুরে ৪০টি স্কুল জলমগ্ন

■ কেশবপুর (যশোর) সংবাদদাতা

যশোরের কেশবপুরে ভারি বর্ষণ ও কপোতাক্ষ নদের উজানের পানিতে উপজেলার ৪০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় জলমগ্ন হয়েছে। ১৫টি বিদ্যালয়ের শ্রেণিকক্ষে ২/৩ ফুট পানি ঢুকে পড়ায় শিক্ষকরা নিয়মিত পাঠদান করতে পারছেন না।

২৫ বিদ্যালয়ের মাঠে পানি থাকলেও শ্রেণিকক্ষে পানি না ঢোকায় সেখানে পাঠদান চলছে। জানা গেছে, অতি বৃষ্টি, কপোতাক্ষ নদ, হরিহর নদ ও ভদ্রানদীর উপচেপড়া পানিতে, কেশবপুর পৌর এলাকাসহ উপজেলার ব্যাপক এলাকা প্লাবিত হয়েছে। এতে পৌরসভার মধ্যকুল মধ্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি পানিতে তলিয়ে ভবনের মেঝে ধসে পড়েছে। এছাড়া উপজেলার রেজাকাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালপুর, নেহালপুর, সারুটিয়া, রঘুরামপুর, হাবাসপোল, গোপসানা, বুরুলি, জিয়েলতলা, মহাদেবপুর, রাজনগর বাকাবশী, ঘাঘা, রামকৃষ্ণপুর, মঙ্গলকোট সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ ১৫টি শিক্ষা প্রতিষ্ঠান পানিতে তলিয়ে গেছে। এসকল বিদ্যালয়ের শ্রেণিকক্ষে পানি ঢুকে প্লাবিত হওয়ায় নিয়মিত পাঠদান উঁচু স্থানে করা হচ্ছে। অপরদিকে আংশিক প্লাবিত হয়েছে পাচারই, ফতেপুর, পাথরঘাটা, সাতবাড়িয়া, আলতাপোল, কন্দর্পপুর, বসুন্দিয়া, বেলোকাটি, মির্জাপুর, কাস্তা, হাড়িয়াঘোপ, দশকাহনিয়া, ধর্মপুর, মোমিনপুর, কানাইডাঙ্গা ও আগরহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ ২৫টি বিদ্যালয়।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আনিছুর রহমান জানান, কেশবপুরে বন্যার পানিতে ১৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয় সম্পূর্ণ তলিয়ে গেছে এবং আংশিক তলিয়েছে ২৫টি। ক্ষতির পরিমাণ প্রায় ১ কোটি টাকা।